

**UNIVERSITY OF NORTH BENGAL** 

B.A. Honours 5th Semester Examination, 2023

### DSE-P2-BENGALI

#### OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

 $\mathfrak{O} \times 8 = \mathfrak{I} \mathfrak{I}$ 

৬×8 = ২৪

The figures in the margin indicate full marks.

#### The question paper contains paper DSE-2A and DSE-2B The candidates are required to answer any *one* from the *two* courses. Candidates should mention it clearly on the Answer Book.

## DSE-2A

- ১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ
  - (ক) বাল্যবিবাহ প্রথা অবলম্বনে লেখা তিনটি গল্পের নাম এবং রচয়িতার নাম উল্লেখ করো।
  - (খ) 'কল্লোল' আন্দোলনের প্রেক্ষাপটে রচিত ছয়টি গল্পের নাম লেখো।
  - (গ) 'স্ত্রীর পত্র' গল্পের নায়িকার নাম কী ? এই গল্পের অন্যান্য দুটি চরিত্রের নাম লেখো।
  - (ঘ) 'মহেশ' গল্পের ঘটনাস্থল কোন্ গ্রাম ? সেই গ্রামের জমিদারের নাম কী ? গফুরের কন্যার নাম এবং তার বয়স কত লেখো।
  - (৬) 'তৃতীয় দ্যুতসভা' গল্পটি কোন্ গল্পগ্রস্থের অন্তর্গত ? গল্পটি কোন্ সালে প্রকাশিত হয় ? গল্পকারের নাম কী ?
  - (চ) 'দুঃশাসনীয়' গল্পটি কোন্ প্রেক্ষাপটে রচিত ? এই গল্পের প্রকৃত দুঃশাসন কোন্ চরিত্রগুলি ?
- ২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ
  - (ক) 'স্ত্রীর পত্র' গল্পের মৃণাল চরিত্রটির বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো।
  - (খ) 'মহেশ' গল্পটি ছোটগল্প হিসাবে কতটা সার্থক তা বিচার করো।
  - (গ) 'জলসাঘর' গল্পে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় যে যুগ-প্রেক্ষাপট তুলে ধরেছেন তা সংক্ষেপে বিবৃত করো।
  - (ঘ) 'দুঃশাসনীয়' গল্পে মানিক বন্দ্যোপাধ্যায় কীভাবে পুরাণকে নবরূপায়ণ করেছেন তা আলোচনা করো।
  - (ঙ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
  - (চ) তোমার পাঠ্য একটি গল্প অবলম্বনে সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থার পরিবর্তনের রূপরেখা তুলে ধরো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ
  - (ক) 'স্ত্রীর পত্র' গল্পের বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।
  - (খ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পটি হাস্যরসের গল্প হিসাবে কতটা সার্থক হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো।
  - (গ) বাংলা ছোটগল্পের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।
  - (ঘ) 'দুঃশাসনীয়' গল্পের রেবা চরিত্রটি বিশ্লেষণ করো।

1

**১**২ × ২ = ২ 8

# DSE-2B

- ১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ
  - (ক) 'কালাপাহাড়' গল্পে উল্লেখিত দুটি পশুর নাম লেখো। তাদের কোথা থেকে কিনে আনা হয়েছিল ?
  - (খ) 'ডাইনী' গল্পে উল্লেখিত গ্রাম ও মাঠের নাম লেখো। এই গল্পের ডাইনী কে ?
  - (গ) 'শিল্পী' গল্পটি কত সালে, কোন্ গল্পসংকলনে প্রকাশিত হয় ? গল্পটির নায়ক চরিত্রের নাম লেখো।
  - (ঘ) 'অতসী মামী' গল্পটি কোন্ গল্পগ্রপ্রের অন্তর্ভুক্ত ? গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ? কোথায় পড়াকালীন মানিক বন্দ্যোপাধ্যায় এই গল্পটি রচনা করেন ?
  - (৬) 'হারানের নাতজামাই' গল্পটি কোন্ প্রেক্ষাপটে রচিত ? গল্পকারের এই জাতীয় আরো দুটি গল্পের নাম লেখো।
  - (চ) 'না' গল্পে 'না' শব্দটি কতবার এবং কোন্ কোন্ প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে ?
- ২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ
  - (ক) 'ডাইনী' গল্পে কীভাবে ডাইনী সত্তার প্রকাশ ঘটেছে তা আলোচনা করো।
  - (খ) 'কালাপাহাড়' গল্পে রংলালের পশুপ্রীতির পরিচয় দাও।
  - (গ) 'তাসের ঘর' গল্পে শৈল চরিত্রের বিশেষত্ব আলোচনা করো।
  - (ঘ) 'শিল্পী' গল্পে মদনের শিল্পীসত্তার পরিচয় দাও।
  - (ঙ) 'কুষ্ঠরোগীর বউ' গল্পটিতে কে, কীভাবে কুষ্ঠরোগীর বউ হয়ে উঠল তা আলোচনা করো।
  - (চ) 'অতসী মামী' গল্পটিতে কথকের দৃষ্টিতে যতীনের রূপ বর্ণনা করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ
  - (ক) 'রাইকমল' গল্পে বৈষ্ণবীয় আবহ ব্যবহারের কারণ এবং বৈষ্ণবীয় আবহ ব্যবহারের পরিচয় দাও।
  - (খ) 'প্রাগৈতিহাসিক' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
  - (গ) 'না' গল্পটিতে কীভাবে চরিত্রের মানসিক টানাপোড়েন ঘটেছে তা লেখো।
  - (ঘ) সমকালীন রাজনৈতিক-অর্থনৈতিক প্রেক্ষাপট কীভাবে 'দুঃশাসনীয়' গল্পে পরিস্ফুট হয়েছে তা আলোচনা করো।

\_×\_\_

5904

**১**২ ×২= ২৪

৩×৪ = ১২

৬×8 = ২৪